



হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কাস্টমস হাউজের পশ্চিমপার্শ্বে কার্গো কারপার্কিং এর দক্ষিণপার্শ্বে এয়ারপোর্ট রেন্টুরেন্ট সম্মুখস্থ নব-নির্মিত সেড শুধু সিএন্ডএফ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত আগ্রহী সিএন্ডএফ সরকার/সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি/সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান এর নিকট নিম্নবর্ণিত শর্তে ইজারা প্রদান করা হবে:

শর্তাবলী:

- (১) ইজারার মেয়াদ ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে আর্থিক সন বিবেচনায় বছর ভিত্তিক নবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩ (তিন) বছর।
- (২) বার্ষিক প্রতি বর্গফুট ২,৬৯৯/- (দুই হাজার ছয়শত নিরানব্বই) টাকা হারে ২৫ বর্গফুট জায়গার ইজারামূল্যের উপর আর্থিক সন বিবেচনায় ইজারাস্থল হস্তান্তরের তারিখ হতে ৩০-০৬-২০২১ খ্রি. পর্যন্ত (পূর্ণ বছর হিসেবে গণ্য) হারাহারিভাবে ইজারামূল্য তৎসহ ভ্যাট ও আয়কর এককালীন পরিশোধ করতঃ ইজারাকালীন চুক্তিপত্র সম্পাদন করতে হবে।
- (৩) শুধু সিএন্ডএফ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত সিএন্ডএফ সরকার/ সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি/সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠান আবেদন করতে পারবে।
- (৪) আগ্রহী প্রার্থীগণকে সিএন্ডএফ কাজে জড়িতের স্বপক্ষে বৈধ কাগজপত্র, ব্যাংক স্টেটমেন্ট, ব্যাংক সলভেন্সী ও জাতীয় পরিচয়পত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (৫) প্রতি সিএন্ডএফ সরকার/ সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি/সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত ২৫ বর্গফুট (কর্পোরেট ডেক/বক্স স্থাপনযোগ্য) জায়গা বরাদ্দ দেয়া হবে। একই ব্যক্তি/প্রতিষ্ঠান একাধিক ডেক/বক্স এর জায়গার জন্য আবেদন করতে পারবে না।
- (৬) ইজারাগ্রহিতা কর্তৃপক্ষের প্রকৌশল বিভাগের সাথে সমন্বয়পূর্বক নিজ উদ্যোগে ও নিজ খরচে বরাদ্দকৃত জায়গায় অস্থায়ী/স্থানান্তরযোগ্য ডেক/বক্স স্থাপন করবে।
- (৭) বরাদ্দকৃত জায়গা সিএন্ডএফ সংশ্লিষ্ট কাজ ব্যতীত অন্যকোন কাজে ব্যবহার করা যাবে না। এরূপ করলে তৎক্ষণাৎ ইজারা বাতিল করা হবে।
- (৮) ইজারাগ্রহিতা বরাদ্দকৃত জায়গার অতিরিক্ত জায়গা ব্যবহার করতে পারবে না। এরূপ করলে তৎক্ষণাৎ ইজারা বাতিল করা হবে।
- (৯) বিমানবন্দরের উন্নয়নমূলক কাজের বা অন্য যেকোন পরিবর্তিত পরিস্থিতির প্রয়োজনে বিনা নোটিশে ইজারা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (১০) কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোন ভাবেই ইজারাস্থলের কোন কাঠামোগত পরিবর্তন করা যাবে না।
- (১১) ইজারাগ্রহিতা ইজারাস্থলে কোন অবৈধ মালামাল, নিষিদ্ধ দ্রব্য, বিস্ফোরক বা মাদকদ্রব্য রাখলে বা বিক্রয় করলে তার ইজারা বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (১২) ইজারামূল্য বকেয়া থাকলে এবং নির্ধারিত সময়ে ইজারাস্থল হস্তান্তর না করা হলে ইজারাগ্রহিতাকে উচ্ছেদ করা যাবে।
- (১৩) ইজারাগ্রহিতা চুক্তিপত্রের মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই ইজারার কাজ চালিয়ে যেতে অপারগতা প্রকাশ করলে অবশ্যই তা হস্তান্তরের তারিখের ৯০ (নব্বই) দিন পূর্বেই কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করতে হবে।
- (১৪) প্রতিটি বিমানবন্দর একটি KPI (Key Point Installation), বিধায় কর্তৃপক্ষ বিমানবন্দরের নিরাপত্তার স্বার্থে কিংবা রাষ্ট্রীয় প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন ইজারাগ্রহিতার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ এবং ২৪ (চব্বিশ) ঘন্টার নোটিশে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- (১৫) বিমানবন্দরের সূচু অপারেশন, রক্ষণাবেক্ষণ, উন্নয়ন, সৌন্দর্যবর্ধন এবং প্রশাসনিক কাজের প্রয়োজনে কর্তৃপক্ষ সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের নোটিশে অথবা বিনা নোটিশে যেকোন ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- (১৬) ইজারাগ্রহিতা কর্তৃপক্ষের পাওনাদি পরিশোধে অনিয়মিত হলে বা ব্যবসায়িক আচার-আচরণ সন্তোষজনক না হলে/বিমানবন্দরের নিরাপত্তার জন্য হুমকি বলে বিবেচিত হলে যেকোন প্রতিষ্ঠানের ইজারা বাতিল/নবায়ন বিবেচনা না করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- (১৭) উল্লেখিত শর্তাবলি ছাড়াও পরিবর্তিত পরিস্থিতির পরিস্থিতিতে কর্তৃপক্ষ যদি কোন শর্ত আরোপ করেন, ইজারাগ্রহিতা তা মেনে চলতে বাধ্য থাকবেন।
- (১৮) কর্তৃপক্ষের বিদ্যমান ইজারা নীতিমালা, ২০১৯ এর সকল শর্তাবলি প্রযোজ্য হবে।
- (১৯) কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত জায়গার বিপরীতে অতিরিক্ত আবেদন পাওয়া গেলে বৈধ আবেদনকারীদের উপস্থিতিতে লটারীর মাধ্যমে বরাদ্দের জন্য ইজারাগ্রহিতা নির্বাচন করা হবে।
- (২০) সিএন্ডএফ সংশ্লিষ্ট কাজে নিয়োজিত সিএন্ডএফ সরকার/ সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি/সিএন্ডএফ কাজে জড়িত ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানকে চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-বরাবর আগামী ০৮/১০/২০২০ তারিখের মধ্যে ডাকযোগে/হাতে হাতে আবেদন দাখিল করতে হবে।

উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)

বিতরণ:

১। সিএএবি'র ওয়েবসাইট

২। সকল নোটিশ বোর্ড/নবনির্মিত শেডের দেয়াল

৩। : : : :